**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) নলছড়ের বিজেপি বিধায়ক কিশোর বর্মণ আজ রাজ্য মন্ত্রিসভার সদস্য হিসাবে শপথ গ্রহণ করেছেন।**

**(২) পুরান আগরতলার চতুর্দশ দেবতা বাড়িতে আজ থেকে ৭ দিনব্যাপী ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসব শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ঘানা সফর শেষে, পাঁচ দেশ সফরের দ্বিতীয় পর্যায়ে ত্রিনিদাদ ও টোবাগোর উদ্দেশ্যে রওনা হয়েছেন।**

**(৪) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ঐকতান যুব সংস্থা চ্যাম্পিয়ন হয়েছে।**

*******************************************

**Oath Taking :**

নলছড়ের বিজেপি বিধায়ক কিশোর বর্মণ আজ রাজ্য মন্ত্রিসভার সদস্য হিসাবে শপথ গ্রহণ করেছেন। আজ দুপুরে আগরতলায় রাজভবনে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শ্রী বর্মনকে শপথ বাক্য পাঠ করান। শ্রী বর্মণের অন্তর্ভুক্তির পর রাজ্য মন্ত্রিসভার সদস্য সংখ্যা বেড়ে দাড়ালো ১২। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য ও রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ। মন্ত্রী হিসাবে শপথ গ্রহনের পর কিশোর বর্মণ সাংবাদিকদের জানান, মন্ত্রী হিসাবে তিনি নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করবেন। মন্ত্রীসভায় স্থান পাওয়ায় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রাজ্যের মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন।

#######Byte– Kishor Barman#######

***********************************

**CM-Kharchi :**

পুরান আগরতলার চতুর্দশ দেবতা বাড়িতে আজ থেকে ৭ দিনব্যাপী ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসব শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকালে চতুর্দশ দেবতা বাড়ির কৃষ্ণমালা মঞ্চে খার্চি উৎসব, মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন। এর আগে আজ ভোরে প্রধান পুরোহিত রাজ চন্তাইয়ের পরিচালনায় প্রথামাফিক মন্দির সংলগ্ন হাওড়া নদীতে চতুর্দশ দেবতার পূন্য অবগাহনের মধ্যে দিয়ে শুরু হয় সাত দিনের খার্চি পূজা। মুখ্যমন্ত্রী খার্চি পূজার উদ্বোধন করে বলেন, ত্রিপুরার সুপ্রাচীন এই পূজা ও উৎসব, জাতি-জনজাতির সৌভ্রাতৃত্ব, মেল বন্ধনকে দৃঢ় করে। এই পূজার মধ্যে দিয়ে জাতি-জনজাতির সুখ সমৃদ্ধি বৃদ্ধি হয়, রোগ শোক দুর হয় বলে পূন্যার্থীদের বিশ্বাস।

######Byte-CM#######

মুখ্যমন্ত্রী আরো বলেন, এই উৎসবকে ঘিরে লক্ষ লক্ষ লোকের সমাগম ঘটে। রাজ্যের বিভিন্ন প্রান্ত, উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য ও প্রতিবেশী রাষ্ট্র থেকেও হাজার হাজার লোক এই খার্চি উৎসবে সামিল হন। তিনি বলেন, চতুর্দশ দেবতা বাড়িকে কেন্দ্র করে এখানে পর্যটন কেন্দ্র গড়ে তোলা হবে। ত্রিপুরার জনজাতিদের হারিয়ে যাওয়া  কৃষ্টি, সংস্কৃতি ও পরম্পরাগত ঐতিহ্য ফিরিয়ে আনতে ও তাকে রক্ষায় রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণে উৎসব কমিটির চেয়ারম্যান বিধায়ক রতন চক্রবর্তী বলেন, এবারে এই খার্চি উৎসব ও মেলার থিম রাখা হয়েছে অপারেশন সিন্দুর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক স্বপ্না দেববর্মা, জিরানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা রাণী দাস।

****************************

**Special Train :**

খার্চি পূজা উপলক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে আগরতলা ও ধর্মনগরের মধ্যে একটি যাত্রীবাহী বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই ট্রেনটি আগামীকাল থেকে ৯ই জুলাই পর্যন্ত চলবে। প্রতিদিন সকাল ৫টা ১৫ মিনিটে আগরতলা থেকে রওনা হয়ে ধর্মনগরে পৌঁছুবে সকাল ৮টা ৪৫ মিনিটে। ধর্মনগর থেকে সকাল সাড়ে ৯টায় রওনা হয়ে আগরতলায় পৌঁছবে দুপুর ১টা ২০ মিনিটে। ট্রেনটি যাত্রাপথে যোগেন্দ্রনগর, জিরানিয়া, তেলিয়ামুড়া, মুঙ্গিয়াকামি, আমবাসা, জওহরনগর, এসকে পাড়া, মনু, নালকাটা, কুমারঘাট, পেচারথল এবং পানিসাগর স্টেশনে থামবে।

****************************

**Train Service Disrupted again :**

পুনরায় ধ্বস পড়ায় পাহাড় লাইনে ফের ট্রেন চলাচল বিঘ্নিত। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আজ বিকেলে, লামডিং-বদরপুর সেকশনের ডিহাখো-মুপা রেল ষ্টেশনের মাঝে একটি স্থানে রেল লাইনে পাথর ও মাটির বিশাল ধ্বস পড়ায় ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। রেলওয়ের উচ্চআধিকারিকরা ঘটনাস্থলে যান ও দ্রুত মাটি ও পাথরের ধ্বস সরানোর কাজ শুরুর উদ্যোগ নেন। ধ্বস সরানোর কাজ শেষ না হওয়া পর্যন্ত এই লাইনে ট্রেন চলাচল বন্ধ থাকবে। আটকে পড়া যাত্রীদের বিষয়ে খোঁজ খবর করতে, এন এফ রেলওয়ের পক্ষ থেকে গুয়াহাটি, লামডিং, বদরপুর, শিলচর এবং আগরতলায় হেল্প ডেস্ক চালু করা হয়েছে। উল্লেখ করা যেতে পারে, জাটিঙ্গা-লামপুর রেলষ্টেশনের কাছে ধ্বস পড়ায় এক সপ্তাহ ট্রেন চলাচল বন্ধ থাকার পর গত রবিবারই লামডিং-বদরপুর পাহাড় লাইনে ট্রেন চলাচল শুরু হয়েছিল।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ঘানা সফর শেষে, পাঁচ দেশ সফরের দ্বিতীয় পর্যায়ে ত্রিনিদাদ ও টোবাগোর উদ্দেশ্যে রওনা হয়েছেন। শ্রী মোদী আজ রাজধানী আক্রায় ঘানা প্রজাতন্ত্রের সংসদে ভাষণ দেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ভারত ও ঘানার মধ্যে সীমাহীন ও মধুর সম্পর্কের কথা উল্লেখ করেন। তিনি ভারতকে গণতন্ত্রের জননী হিসেবে বর্ণনা করে গণতান্ত্রিক ব্যবস্থায় উন্মুক্ততা এবং আলোচনার গুরুত্বের উপর জোর দেন।

#####Byte-PM 1 #######

তিনি ভারতের বিশাল বৈচিত্র্যকে তার গণতান্ত্রিক কাঠামোর শক্তি হিসেবে তুলে ধরেন।সফরকালে, প্রধানমন্ত্রী মোদীকে রাষ্ট্রপতি জন মাহামা দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান "দ্য অফিসার অফ দ্য অর্ডার অফ দ্য স্টার অফ ঘানা" প্রদান করেন। ঘানার সংসদে ভাষণ দেওয়ার সময়, প্রধানমন্ত্রী ভারতের পক্ষ থেকে আফ্রিকান জাতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এই পুরস্কারের সঙ্গে আবেগগত সংযোগের কথা উল্লেখ করেন। তিনি বলেন যে তিনি এই পুরস্কারটি উভয় দেশের তরুণদের জন্য উৎসর্গ করেছেন। শ্রী মোদী এই মর্যাদাপূর্ণ পুরস্কারটি দুই দেশের মধ্যে স্থায়ী বন্ধুত্ব এবং মূল্যবোধের প্রতিও উৎসর্গ করেন। তিনি ভারতের মিশন লাইফ কর্মসূচির লক্ষ্য বিস্তারিত উল্লেখ করেন।

########Byte-PM 2#########

এর আগে, শ্রী মোদী রাজধানী আক্রার নক্রুমাহ মেমোরিয়াল পার্কে ঘানার প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি এবং আফ্রিকান স্বাধীনতা আন্দোলনের একজন শ্রদ্ধেয় নেতা ডঃ কোয়ামে নক্রুমাহকে শ্রদ্ধা জানান। শ্রী মোদী ঘানার রাজধানী আক্রায় ভারতীয় প্রবাসীদের সাঙ্গে মতবিনিময় করেন। সফরকালে, প্রধানমন্ত্রী ঘানার রাষ্ট্রপতি জন মাহামার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী রাষ্ট্রপতি মাহামার সাথে তার আলোচনাকে অত্যন্ত ফলপ্রসূ বলে বর্ণনা করেন। ত্রিনিদাদ ও টোবাগোতে এই সফর শ্রী মোদীর প্রধানমন্ত্রী হিসেবে প্রথম সফর এবং ১৯৯৯ সালের পর প্রধানমন্ত্রী পর্যায়ে প্রথম দ্বিপাক্ষিক সফর।

****************************

**Parliament mansoon session :**

সংসদের বাদল অধিবেশন জুলাই মাসের ২১ তারিখ শুরু হবে। নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু বলেন, ২১শে আগস্ট পর্যন্ত অধিবেশন চলবে। স্বাধীনতা দিবসের অনুষ্ঠানের জন্য ১৪ ও ১৫ই আগষ্ট অধিবেশন বসবে না।

******************************

**KHELO BHARAT NITI 11 YEARS :**

সারা দেশে বর্তমান সরকারের ১১ বছরে খেলাধুলোর জগতে এক বলিষ্ঠ রূপান্তরের ছবি স্পষ্ট হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উদ্ভাবনী জনমুখী ভাবনায় খেলাধূলার জগৎ আর্থিক বিকাশের উর্বর চালিকাশক্তি হিসেবে দেশের অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। একটি প্রতিবেদন।

########VC########

*****************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ঐকতান যুব সংস্থা চ্যাম্পিয়ন হয়েছে। আসরে নিজেদের এক ম্যাচ বাকী থাকতেই ৭ খেলায় ১৯ পয়েন্ট নিয়ে ঐকতান

খেতাব নিশ্চিত করে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ঐকতান ৭-০ গোলের বড় ব্যবধানে ত্রিবেণী সংঘকে পরাজিত করে। এর ফলে ঐকতান যুব সংস্থা আগামী ফুটবল মরশুমে প্রথম ডিভিশন লিগে খেলার ছাড়পত্র পেলো।

****************************

**Cricket T-10 :**

বাসুদেব সাহা স্মৃতি টি টেন ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছে তারানগর আর.আর। আজ মোহনপুরের দিঘালিয়া স্কুল মাঠে আয়োজিত ফাইনাল ম্যাচে তারানগর আর.আর-দিঘালিয়া প্লেইং ইলেভেনকে পরাজিত করে।

****************************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। আগরতলা বিমানবন্দর এলাকায় বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১০.২ মিলিমিটার।

*******************************